

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১১

২১ চৈত্র ১৪২৬

তারিখ: -----

০৪ এপ্রিল ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

নভেল করোনা ভাইরাসের কারণে সৃষ্ট পরিস্থিতিতে ক্রেডিট কার্ডের বিল বিলম্বে পরিশোধ প্রসঙ্গে।

বিশ্বের অন্যান্য দেশসহ বাংলাদেশে নভেল করোনা ভাইরাসের কারণে সৃষ্ট কোভিড-১৯ রোগের বিস্তার ও সংক্রমণের কারণে উদ্ভূত পরিস্থিতিতে ব্যবসা বাণিজ্যসহ অর্থনৈতিক কর্মকান্ড সীমিত হয়ে পড়েছে। ফলে জনসাধারণের আয় বর্ধনকারী কর্মকান্ডের ওপর এর নেতিবাচক প্রভাব লক্ষ্য করা যাচ্ছে।

২। দেশে মার্চ মাসের শুরুতে কোভিড-১৯-এ আক্রান্ত রোগী শনাক্ত হয়। পরবর্তীতে উক্ত রোগের সংক্রমণ ও বিস্তার রোধে সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটি/বন্ধের আওতায় জরুরি প্রয়োজন ব্যতীত সরকারি/বেসরকারি অফিস বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। কোভিড-১৯ রোগের সংক্রমণ রোধে সামাজিক দূরত্ব বজায় রাখা নিশ্চিতকল্পে সাধারণ ছুটি/বন্ধকালীন গণপরিবহন চলাচল সীমিত রাখতে এবং জনসাধারণকে জরুরি প্রয়োজন ব্যতীত বাইরে যাওয়া/ভ্রমণ হতে বিরত থাকার জন্য সরকার কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। এ প্রেক্ষিতে, জরুরি ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য সীমিত আকারে ব্যাংক চালু রাখা হয়েছে।

৩। বর্ণিত পরিস্থিতিতে, অনেক ক্ষেত্রেই ক্রেডিট কার্ড গ্রাহকের পক্ষে প্রদেয় বিল নির্ধারিত সময়ে পরিশোধ করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায়, ক্রেডিট কার্ড গ্রাহকদের আর্থিক সামর্থ্য ও চলমান অন্যান্য সীমাবদ্ধতার বিষয়টি বিবেচনায় যে সকল ক্রেডিট কার্ড গ্রাহকের বকেয়া বিল পরিশোধের শেষ তারিখ ১৫ মার্চ ২০২০ বা তার পরে সে সকল ক্ষেত্রে গ্রাহক কর্তৃক প্রদেয় বিল নির্ধারিত সময়ে পরিশোধ না করার ক্ষেত্রে কোন বিলম্ব ফি/চার্জ/দন্ড সুদ/অতিরিক্ত মুনাফা বা অন্য কোন ফি/চার্জ (যে নামেই অভিহিত হোক না কেন) আদায় না করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। তাছাড়া, ১৫ মার্চ ২০২০ তারিখ হতে ইতোমধ্যে কোন ক্রেডিট কার্ড বিল বিলম্বে পরিশোধজনিত কারণে বিলম্ব ফি/চার্জ/দন্ড সুদ/অতিরিক্ত মুনাফা বা অন্য কোন ফি/চার্জ (যে নামেই অভিহিত হোক না কেন) আদায় করা হয়ে থাকলে তা সংশ্লিষ্ট ক্রেডিট কার্ড গ্রাহককে ফেরত প্রদান/পরবর্তী সময়ে প্রদেয় বিলের সাথে সমন্বয় করতে হবে।

৪। এ নির্দেশনা ১৫ মার্চ ২০২০ তারিখ হতে কার্যকর হবে এবং ৩১ মে ২০২০ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মকবুল হোসেন)

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)

ফোনঃ ৯৫৩০২৬৮